রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, নভেম্বর ১১, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**নৌপরিবহন মন্ত্রণালয়**

**নৌশিক্ষা ও প্রশিক্ষণ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২০ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ/ ০৫ নভেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ

নং ১৮.০০.০০০০.০১৭.২২.০১৫.২৪.৯৮৯—**Bangladesh Marine Academy International Scholarship for Small Island Developing States (SIDS) from Africa, Caribbean and the Pacific-নীতিমালা, ২০২৪।**

**শিরোনাম:**

বিশ্বব্যাপী সমুদ্রগামী জাহাজসমূহ International Maritime Organization (IMO) এর প্রণীত আন্তর্জাতিক আইন কানুন দ্বারা পরিচালিত হয়। IMO-তে আফ্রিকা, ক্যারিবিয়ান ও প্যাসিফিক অঞ্চলের Small Island Developing States (SIDS) দেশসমূহের উল্লেখযোগ্য সংখ্যক সদস্য পদ রয়েছে এবং এসব সদস্য দেশের বাংলাদেশের প্রতি অকুণ্ঠ সমর্থন রয়েছে। এ সকল রাষ্ট্রসমূহ বৈশ্বিক বিভিন্ন সূচকে পিছিয়ে থাকার পাশাপাশি জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রতিক্রিয়ার শিকার। ফলে, বিভিন্ন আন্তর্জাতিক ফোরামে তাদের বক্তব্য অন্যান্য দেশ গুরুত্বের সাথে বিবেচনা করে থাকে। বন্ধুত্বপূর্ণ দেশসমূহের প্রয়োজনীয়তা আমলে নেয়া বাংলাদেশের অন্যতম পররাষ্ট্র নীতি। বাংলাদেশ বহুপাক্ষিক ও আঞ্চলিক কূটনীতিতে বরাবরই আফ্রিকা, ক্যারিবিয়ান ও প্যাসিফিক অঞ্চলের Small Island Developing States (SIDS) দেশসমূহের পক্ষে সোচ্চার ও সক্রিয় ভূমিকা পালন করে

চলেছে। বাংলাদেশের সরকারি মেরিন একাডেমিতে IMO সদস্যভুক্ত আফ্রিকা, ক্যারিবিয়ান ও প্যাসিফিক অঞ্চলের Small Island Developing States (SIDS) এর দেশসমূহের ক্যাডেটদের স্কলারশিপ প্রদান আন্তর্জাতিক অঙ্গনে বিশেষ করে IMO তে দক্ষিণ-দক্ষিণ সহযোগিতা বাড়ানোর ক্ষেত্রে বাংলাদেশের ভাবমূর্তি বাড়াবে। এ উদ্দেশ্যে একটি নীতিমালা প্রণয়ন করা হলো। এই নীতিমালা **Bangladesh Marine Academy International Scholarship for Small Island Developing States (SIDS) from Africa, Caribbean and the Pacific-নীতিমালা, ২০২৪** নামে অভিহিত হবে।

**২. উদ্দেশ্য:**

বাংলাদেশের মেরিন একাডেমিসমূহের সক্ষমতা ব্যবহার করে IMO সদস্যভুক্ত আফ্রিকা, ক্যারিবিয়ান ও প্যাসিফিক অঞ্চলের Small Island Developing States (SIDS) এর দেশসমূহের প্রার্থীদের পাঠদান প্রদানপূর্বক দক্ষ অফিসার এবং ইঞ্জিনিয়ার তৈরি করা এবং এর মাধ্যমে উক্ত দেশসমূহের সাথে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক দৃঢ় করা।

**৩. সংজ্ঞা**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কিছু না থাকলে, এই নীতিমালায়—

**(ক)** ‘অধিদপ্তর’ অর্থ Bangladesh Merchant Shipping Ordinance, 1983 (Ordinance No. XXVI of 1983) As Amended - এর অধীন স্থাপিত নৌপরিবহন অধিদপ্তর;

**(খ)** ‘মহাপরিচালক’ অর্থ নৌপরিবহন অধিদপ্তরের মহাপরিচালক;

**(গ)** ‘মেরিন একাডেমি’ অর্থ সরকার কর্তৃক অনুমোদিত কোনো মেরিন একাডেমি;

**(ঘ)** ‘সরকার’ অর্থ নৌপরিবহন মন্ত্রণালয়;

**(ঙ)** ‘ক্যাডেট’ অর্থ জাহাজে অফিসার পদে চাকরির জন্য মেরিন একাডেমিতে অধ্যয়নরত শিক্ষার্থী;

**(চ)** ‘IMO’ অর্থ International Maritime Organization;

**(ছ)** ‘STCW’ অর্থ International Convention of Standards of Training, Certification and Watchkeeping for Seafarers 1978 as amended;

**(জ)** ‘SIDS’ অর্থ জাতিসংঘ কর্তৃক ঘোষিত এবং IMO সদস্যভুক্ত আফ্রিকা, ক্যারিবিয়ান ও প্যাসিফিক অঞ্চলের Small Island Developing States (SIDS) দেশসমূহ;

**(ঝ)** ‘CDC’ অর্থ Continuous Discharge Certificate ।

**৪. যোগ্যতা:**

**(ক) আবেদনকারীদের শিক্ষাগত যোগ্যতা :**

আবেদনকারীদের এসএসসি/দশম শ্রেণি/ও'লেভেল বা সমমানের পরীক্ষা ও দ্বাদশ শ্রেণি/এ'লেভেল বা সমমানের পরীক্ষায় জিপিএ ৫.০০ স্কেলে ন্যূনতম ৩.৫০ জিপিএ প্রাপ্ত হয়ে উত্তীর্ণ হতে হবে এবং দ্বাদশ শ্রেণির পরীক্ষায় পদার্থবিদ্যা ও গণিত বিষয়ে আলাদাভাবে জিপিএ ৫.০০ স্কেলে ন্যূনতম জিপিএ ৩.৫০ পেতে হবে। প্রার্থীর ইংরেজি মাধ্যমে শিক্ষা কার্যক্রম সম্পন্ন করার সক্ষমতার প্রমাণ স্বরূপ IELTS পরীক্ষায় ন্যূনতম স্কোর ৫.৫ পেতে হবে।

**(খ) শারীরিক যোগ্যতা :**

১) আবেদনকারীদের বয়স সর্বোচ্চ ২২ বছর, উচ্চতা: পুরুষ-৫'৪" এবং নারী ৫'২", ওজন বিশ্ব স্বাস্থ্য সংস্থার Body Mass Index (BMI) চার্ট মোতাবেক BMI ন্যূনতম ১৭ এবং সর্বোচ্চ ২৫ হওয়া আবশ্যক;

২) ৪০০ মিটার দৌড়, ১০ টি পুশআপ, ন্যূনতম ৩ মিটার রোপ আরোহণ ও ন্যূনতম ৬০ মিটার একটানা সাঁতারে সক্ষমতা;

৩) প্রার্থীকে বর্ণান্ধতা মুক্ত হতে হবে। নটিক্যাল ক্যাডেটদের দৃষ্টিশক্তি চশমা ছাড়া খালি চোখে ৬/৬, ইঞ্জিনিয়ারিং ক্যাডেটদের জন্য ৬/১২ তবে চশমাসহ অবশ্যই ৬/৬ হতে হবে।

**(গ) অন্যান্য যোগ্যতা ও ডকুমেন্টস :**

IMO সদস্যভুক্ত আফ্রিকা, ক্যারিবিয়ান ও প্যাসিফিক অঞ্চলের Small Island Developing States (SIDS) এর দেশসমূহের প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতার সনদ, IELTS পরীক্ষায় ন্যূনতম ৫.৫ স্কোর অর্জনের সনদ, নিজ দেশের সরকারি হাসপাতাল অথবা নিবন্ধিত চিকিৎসক কর্তৃক সুস্থতার সনদ, প্রার্থীদের বুকের এক্সরে, প্রস্রাব (সুগার/এলবুমিন), রক্ত (ভি.ডি.আর.এল), HIV টেস্ট, কোভিড-১৯ টিকা সনদ, ডোপ টেস্ট ও শ্রবণ শক্তি পরীক্ষা, দুরারোগ্য ব্যাধিতে আক্রান্ত নয় মর্মে প্রত্যয়ন, চক্ষু পরীক্ষার সনদ এবং শারীরিক যোগ্যতার প্রমাণক উক্ত দেশের উপযুক্ত কর্তৃপক্ষ (সংশ্লিষ্ট দেশের পররাষ্ট্র মন্ত্রণালয় ও শিক্ষা মন্ত্রণালয়) কর্তৃক সত্যায়িত করে আবেদনের সাথে দাখিল করতে হবে। ভর্তির সময় প্রার্থীদের সকল মূল সনদপত্র দাখিল করতে হবে।

**৫. নির্বাচন পদ্ধতি:**

**(ক)** নৌপরিবহন মন্ত্রণালয় শিক্ষাবর্ষ শুরুর ন্যূনতম ছয় মাস পূর্বে বৃত্তি সংশ্লিষ্ট কার্যক্রম শুরু করবে। সরকারি মেরিন একাডেমিসমূহে নটিক্যাল সায়েন্স বিভাগে ৫ জন এবং মেরিন ইঞ্জিনিয়ারিং বিভাগে ৫ জন করে মোট ১০ (দশ) জনকে বৃত্তি প্রদান করা হবে;

**(খ)** "মেরিটাইম শিক্ষা/প্রশিক্ষণ প্রতিষ্ঠানে ক্যাডেট ভর্তির জন্য সমন্বিত ভর্তি পরীক্ষা (সংশোধিত) নীতিমালা-২০২৪ এর সাথে সামঞ্জস্য বিধান করে আবেদনের যোগ্যতা নির্ধারণ করা হবে;

**(গ)** IMO সদস্যভুক্ত আফ্রিকা, ক্যারিবিয়ান ও প্যাসিফিক অঞ্চলের Small Island Developing States (SIDS) দেশসমূহের একটি দেশ থেকে ১ (এক) জন করে মোট ১০ (দশ) জন প্রার্থীকে নির্বাচন করা হবে; তবে ১০টি দেশ থেকে ১০ (দশ) জন প্রার্থী পাওয়া না গেলে এক দেশ থেকে একাধিক প্রার্থীকে নির্বাচন করা যাবে;

**(ঘ)** IMO সদস্যভুক্ত আফ্রিকা, ক্যারিবিয়ান ও প্যাসিফিক অঞ্চলের Small Island Developing States (SIDS) দেশসমূহ থেকে প্রেরিত আবেদনকৃত প্রার্থীদের উপরিউল্লিখিত শর্তপূরণপূর্বক সংশ্লিষ্ট দেশের পররাষ্ট্র ও শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রার্থীগণ ভর্তির জন্য নির্বাচিত হবেন;

**(ঙ)** নির্বাচিত ক্যাডেটগণ বাংলাদেশের মেরিন একাডেমিতে শিক্ষা গ্রহণকালে কোনো ব্যবসায়িক বা আয়বর্ধক কর্মকাণ্ডে নিয়োজিত হতে পারবেন না;

**(চ)** নির্বাচিত ক্যাডেটগণ মেরিন একাডেমির নির্ধারিত আচরণবিধি (Code of Conduct) মেনে চলবে। ক্যাডেটগণ সংশ্লিষ্ট মেরিন একাডেমির শৃঙ্খলার পরিপন্থী কোনো অপরাধে জড়িত থাকার প্রমাণ সাপেক্ষে স্কলারশিপ বাতিলসহ আইন অনুযায়ী অন্যান্য বিদ্যায়তনিক (academic) ব্যবস্থা গ্রহণ করা যাবে;

**(ছ)** ভর্তি সম্পন্ন হওয়ার পর কোনো ডকুমেন্ট/সনদপত্র জালিয়াতির প্রমাণ পাওয়া গেলে শিক্ষাবর্ষের যে কোনো সময়ে ভর্তি বাতিল বলে গণ্য হবে।

**৬. ভর্তি প্রক্রিয়া:**

**(ক)** নৌপরিবহন মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে এর আওতাধীন সরকারি মেরিন একাডেমিসমূহে IMO সদস্যভুক্ত আফ্রিকা, ক্যারিবিয়ান ও প্যাসিফিক অঞ্চলের Small Island Developing States (SIDS) দেশসমূহের নির্বাচিত ১০ জন প্রার্থীর ভর্তি সম্পন্ন করা হবে;

**(খ)** মেরিটাইম শিক্ষা/প্রশিক্ষণ প্রতিষ্ঠানে ক্যাডেট ভর্তির জন্য সমন্বিত ভর্তি পরীক্ষা (সংশোধিত) নীতিমালা-২০২৪ অনুযায়ী ক্যাডেট ভর্তির বিজ্ঞপ্তির পূর্বেই IMO সদস্যভুক্ত আফ্রিকা, ক্যারিবিয়ান ও প্যাসিফিক অঞ্চলের Small Island Developing States (SIDS) দেশসমূহের প্রার্থীদের জন্য বিজ্ঞপ্তি প্রকাশ করবে। পররাষ্ট্র মন্ত্রণালয় এর মাধ্যমে নৌপরিবহন মন্ত্রণালয় কর্তৃক IMO এবং উক্ত দেশসমূহে অবস্থিত বা সমবর্তী দায়িত্বপ্রাপ্ত বাংলাদেশের দূতাবাস এর মাধ্যমে IMO সদস্যভুক্ত আফ্রিকা, ক্যারিবিয়ান ও প্যাসিফিক অঞ্চলের Small Island Developing States (SIDS) দেশসমূহের ক্যাডেট ভর্তির বিজ্ঞপ্তি প্রেরণ করা হবে;

**(গ)** নৌপরিবহন অধিদপ্তর IMO সদস্যভুক্ত SIDS এবং আফ্রিকা মহাদেশের LDCs দেশসমূহের প্রার্থীদের ভর্তির লক্ষ্যে অনলাইনে পূরণীয় একটি আবেদন ফরম (Template) তৈরি করবে;

**(ঘ)** দেশসমূহের যথাযথ কর্তৃপক্ষ (প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট দেশের শিক্ষা মন্ত্রণালয় বা পররাষ্ট্র মন্ত্রণালয়) বর্ণিত বৃত্তির জন্য একজন এবং অপেক্ষমান একজন করে প্রার্থী নির্বাচন করবে;

**(ঙ)** IMO সদস্যভুক্ত আফ্রিকা, ক্যারিবিয়ান ও প্যাসিফিক অঞ্চলের Small Island Developing States (SIDS) দেশসমূহের প্রার্থীগণ নৌপরিবহন অধিদপ্তর কর্তৃক প্রস্তুতকৃত অনলাইন ফরম (Template)-এর মাধ্যমে আবেদন করবেন;

**(চ)** সংশ্লিষ্ট দেশের শিক্ষা বা পররাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক মনোনীত প্রার্থীদের তালিকাসহ নৌপরিবহন মন্ত্রণালয়ে প্রেরণ করবে। নৌপরিবহন মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে সমন্বিত ক্যাডেট ভর্তি পরীক্ষা কমিটি সাক্ষাৎকার গ্রহণপূর্বক চূড়ান্ত মনোনীত প্রার্থীদের তালিকা পররাষ্ট্র মন্ত্রণালয়, নৌপরিবহন মন্ত্রণালয় ও নৌপরিবহন অধিদপ্তর ও আইএমও'র ওয়েবসাইটে প্রকাশ করা হবে। সে আলোকে স্ব-স্ব প্রতিষ্ঠান নির্ধারিত সময়ের মধ্যে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করবে।

**৭. বৃত্তির আওতায় ক্যাডেটদের প্রদত্ত আর্থিক সুবিধাদি:**

(ক) টিউশন ফি, পরীক্ষার ফি, আবাসন, খাবার, শিক্ষণ যাতায়াত, পোষাক, শিক্ষা সামগ্রী (বই, খাতা, স্টেশনারী);

(খ) নিজ দেশ হতে অধ্যয়ন পূর্বে আগমন এবং অধ্যয়ন শেষে নিজ দেশে প্রত্যাবর্তণের জন্য সুলভ শ্রেণীর বিমান ভাড়া;

(গ) বাংলাদেশি শিক্ষার্থীদের/ক্যাডেটদের ন্যায় সাধারণ চিকিৎসা সুবিধা;

(ঘ) প্রত্যেক ক্যাডেটকে মাসিক নগদ সর্বোচ্চ ৫০ ইউএস ডলার মূল্যমানের বাংলাদেশি মুদ্রায় হাত খরচ।

**৮. বৃত্তির আওতামুক্ত:**

(ক) ভিসা ফি;

(খ) নিজ দেশে সম্পন্নকৃত সকল মেডিক্যাল টেস্টের খরচ;

(গ) নিজ নিবাস হতে বিমান বন্দর পর্যন্ত আসা-যাওয়া;

(ঘ) অধ্যয়নে আগমন এবং অধ্যয়ন শেষে প্রত্যাবর্তন ব্যতীত অন্য যে কোন কাজে বাংলাদেশের অভ্যন্তরে এবং আন্তর্জাতিক ভ্রমণ;

(ঙ) দীর্ঘস্থায়ী অসুস্থতা এবং গুরুতর শল্যচিকিৎসা ও দাঁতের চিকিৎসা ব্যয়;

(চ) নির্ধারিত সময়ের মধ্যে কোর্স সম্পন্ন করতে ব্যর্থ হলে, কোর্স শেষ না হওয়া পর্যন্ত টিউশন ফি ও পরীক্ষার ফি আনুপাতিক হারে শিক্ষার্থীকে বহন করতে হবে।

**৯. দায়মুক্তি:**

যেহেতু কোর্সটিতে তাত্ত্বিক ও ব্যবহারিক কারিকুলামের পাশাপাশি কঠোর শারীরিক প্রশিক্ষণ অন্তর্ভুক্ত, সেহেতু অধ্যয়নকালে দূর্ঘটনাজনিত ও মৃত্যু ঝুঁকি থাকতে পারে। দৈবক্রমে এধরণের কোন ঘটনা ঘটলে বাংলাদেশ সরকার অথবা এর আওতাধীন কোন কর্তৃপক্ষ দায়ী থাকবে না। কোর্স শুরুর পূর্বে প্রত্যেক বৃত্তি প্রাপ্ত প্রার্থীকে এ ব্যাপারে মুচলেকাবদ্ধ হতে হবে।

**১০. অধ্যয়ন সমাপনান্তে সনদায়ন:**

২ (দুই) বছর মেয়াদী প্রি-সী অধ্যয়ন শেষে প্রি-সী প্রশিক্ষণ (বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি এবং নৌপরিবহন অধিদপ্তর এর আওতায় উক্ত কোর্সের ৪র্থ সেমিস্টার পর্যন্ত) সনদ প্রাপ্ত হবেন। বৃত্তি প্রাপ্ত ক্যাডেটগণ প্রি-সী কোর্স সমাপনান্তে ইচ্ছা করলে নিজ খরচে বঙ্গাবন্ধু মেরিটাইম বিশ্ববিদ্যালয়ে অনার্স কোর্সে অধ্যয়ন করতে পারবে। ক্যাডেটগণের প্রি-সী অধ্যয়ন শেষে অন-বোর্ড (On Board) প্রশিক্ষণের জন্য নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা থেকে CDC/ Seaman book গ্রহণপূর্বক তাদের নিজ দেশে প্রত্যাবর্তন করে জাহাজে প্রশিক্ষণ গ্রহণ করবেন, যা উক্ত দেশসমূহের যথাযথ কর্তৃপক্ষের তত্ত্বাবধানে সম্পাদিত হবে। জাহাজে চাকুরির বিষয়ে বাংলাদেশ সরকারের কোনো দায়বদ্ধতা থাকবে না।

**১১. বৃত্তি সংক্রান্ত ব্যয়:** স্ব স্ব একাডেমির রাজস্ব খাত হতে বৃত্তি সংক্রান্ত ব্যয় নির্বাহ করা হবে।

**১২. কার্যকারিতা:** নীতিমালাটি ১ সেপ্টেম্বর ২০২৪ তারিখ হতে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**দেলোয়ারা বেগম**
সচিব (রুটিন দায়িত্ব)।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd